

চিতায় আছে

চিতার ভিতর ঘুরি ফিরি চিতার দিকে যাও
চিতায় আছে পদ্মরাগ আর চিতায় আছে ছাই
বুঝি না লোক জানি না লোক তবু যে কতো কথা
কিছু বা কথা ধূলোয় মেশে কিছু বা নীরবতা
আর্ধেক রাত্রি আকাশে মেলা আধেক কুঁড়ি বোজা
বন্ধ আছে ভিতরকার ওই চন্দন দরোজা
চিতায় থাকি জাগুনো ঘূমে চিতায় উঠি জেগে
নদীর ঝড়ে প্রলয় কাঁপে শিকড়ে টান লেগে
আকাশ আছে পাতাল আছে পাতাল পাড় ভূমি
চিতায় আছে চিতা আর চিতায় আছে তুমি।

জয়া মিত্র

